



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কর কমিশনারের কার্যালয়  
কর অঞ্চল-নারায়ণগঞ্জ

এইচ আর কমপ্লেক্স, ঢাকা-নারায়ণগঞ্জ লিংক রোড, পূর্ব ইসদাইর, ফতুল্লা, নারায়ণগঞ্জ

২৯শে কার্তিক, ১৪৩২ বঙ্গাব্দ

নথি নং-কঅ-নারা/প্রাণোগিক-১/আঃসাঃ/২০২৫-২৬/

তারিখঃ

১৬ই নভেম্বর, ২০২৫ খ্রিস্টাব্দ

সভার কার্যবিবরণী

|              |                                            |
|--------------|--------------------------------------------|
| সভার শিরোনাম | ঃ মাসিক রাজস্ব সভা                         |
| তারিখ        | ঃ ১২ই নভেম্বর, ২০২৫ খ্রিস্টাব্দ (মঙ্গলবার) |
| সময়         | ঃ পূর্বাহ্ন ১০ ঘটিকা হতে মধ্যাহ্ন ১ ঘটিকা  |
| স্থান        | ঃ সম্মেলন কক্ষ, কর অঞ্চল-নারায়ণগঞ্জ       |
| অংশগ্রহণকারী | ঃ কর অঞ্চল-নারায়ণগঞ্জের কর্মকর্তাবৃন্দ    |

|        |                                                        |
|--------|--------------------------------------------------------|
| সভাপতি | ঃ মোঃ রওশন আখতার<br>কর কমিশনার<br>কর অঞ্চল-নারায়ণগঞ্জ |
|--------|--------------------------------------------------------|

কর অঞ্চল-নারায়ণগঞ্জের সম্মানিত কর কমিশনারের সভাপতিত্বে অত্র কর অঞ্চলের সকল সার্কেল কর্মকর্তাবৃন্দের উপস্থিতিতে সেপ্টেম্বর মাসের রাজস্ব সভা অনুষ্ঠিত হয়। সভার শুরুতে সম্মানিত সভাপতি সকলকে শুভেচ্ছা জানান এবং কুশল বিনিময়ের মাধ্যমে কার্যক্রম শুরু করেন। পরবর্তীতে পূর্বনির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা অনুষ্ঠিত হয় এবং নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| নং | বিষয়                                                               | আলোচনা                                                                                                                                                                                                                                                                                               | সিদ্ধান্ত                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                    | বাস্তবায়নকারী                                                |
|----|---------------------------------------------------------------------|------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|--------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|---------------------------------------------------------------|
| ১  | নন-ফাইলার করদাতার নিকট হতে রিটার্ন সংগ্রহ ও আইনানুগ কার্যক্রম গ্রহণ | জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনার আলোকে নন-ফাইলার করদাতার বরাবর বোর্ড কর্তৃক নির্ধারিত ফর্মে নোটিশ জারি; নোটিশ জারি সত্ত্বেও রিটার্ন দাখিল না করলে কর পরিদর্শক দ্বারা তদন্তপূর্বক দ্রুত কর নির্ধারণ এবং প্রযোজ্য ক্ষেত্রে মামলাটি নথিভুক্ত করে আইনানুগ কার্যক্রম গ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ১.১ প্রতিটি টিআইএন এর বিপরীতে নথি সৃষ্টি করতে হবে এবং আগামী ১৫/১২/২০২৫ তারিখের মধ্যে মোট নন-ফাইলার করদাতাদের মধ্যে যাদের নোটিশ করা হয়নি তাদের বরাবর নোটিশ জারি করতে হবে। অর্থাৎ, ১৫/১২/২০২৫ তারিখের মধ্যে শতভাগ নন-ফাইলার করদাতার বরাবর নোটিশ জারি করতে হবে।<br>১.২ জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ১২/১১/২০২৫ তারিখে ইস্যুকৃত নন-ফাইলার করদাতা বরাবর নোটিশ জারির ফরম্যাট অনুসরণপূর্বক করদাতাকে রিটার্ন দাখিলের জন্য অনুরোধ করতে হবে।<br>১.৩ নোটিশ জারি সত্ত্বেও রিটার্ন দাখিল না করলে, নোটিশে উল্লেখিত শুনানির তারিখ অতিক্রান্ত হওয়ার পরবর্তী মাসে কমপক্ষে ৩০টি মামলা কর পরিদর্শক দ্বারা সরেজমিনে তদন্তপূর্বক নিষ্পত্তি করতে হবে।<br>১.৪ নন-ফাইলার সম্পর্কিত কার্যক্রমের রেজিস্টার সংরক্ষণপূর্বক প্রতি মাসের ৫ তারিখের মধ্যে বোর্ড কর্তৃক নির্ধারিত ফরম্যাটে নন-ফাইলার সম্পর্কিত গৃহীত কার্যক্রম কর কমিশনারের কার্যালয়কে অবহিত করতে হবে। মামলা নিষ্পত্তির মাধ্যমে সৃষ্ট দাবী দ্রুত আদায়ের লক্ষ্যে আইনানুগ কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>১.৫ পূর্ববর্তী অর্থবছরের গৃহীত কার্যক্রমের সঠিক পরিসংখ্যান সংরক্ষণ করার জন্য মার্চ ২০২৪ থেকে জুন ২০২৪ পর্যন্ত যেসব করদাতা বরাবর রিটার্ন দাখিলের জন্য নোটিশ জারি করা হয়েছিল, তাদের মোট সংখ্যা; নোটিশপ্রাপ্ত করদাতাদের | পরিদর্শী রেঞ্জ কর্মকর্তার তত্ত্বাবধানে সার্কেল কর্মকর্তাবৃন্দ |

| নং                                         | বিষয়                                        | আলোচনা                                                                                                                                                                                          | সিদ্ধান্ত                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                       | বাস্তবায়নকারী                                                |                                              |                                                          |                                                                |  |
|--------------------------------------------|----------------------------------------------|-------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|-------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|---------------------------------------------------------------|----------------------------------------------|----------------------------------------------------------|----------------------------------------------------------------|--|
|                                            |                                              |                                                                                                                                                                                                 | <p>মধ্য থেকে কতজন রিটার্ন দাখিল করেছেন তার সংখ্যা; এবং কতজন করদাতার কর নির্ধারণ সম্পন্ন হয়েছে এই তিনটি বিষয় অন্তর্ভুক্তপূর্বক নিম্নের ছক অনুসরণ করে একটি পরিসংখ্যানমূলক প্রতিবেদন আগামী ০৫/১২/২০২৫ তারিখের মধ্যে কর কমিশনারের কার্যালয়ে প্রেরণ করতে হবে।</p> <table><tr><td>নোটিশ প্রেরণ করা হয়েছে এমন করদাতার সংখ্যা</td><td>নোটিশের প্রেক্ষিতে দাখিলকৃত রিটার্নের সংখ্যা</td><td>রিটার্ন দাখিলের প্রেক্ষিতে নিষ্পত্তিকৃত কর মামলার সংখ্যা</td><td>রিটার্ন দাখিল না করার প্রেক্ষিতে নিষ্পত্তিকৃত কর মামলার সংখ্যা</td></tr></table>                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                        | নোটিশ প্রেরণ করা হয়েছে এমন করদাতার সংখ্যা                    | নোটিশের প্রেক্ষিতে দাখিলকৃত রিটার্নের সংখ্যা | রিটার্ন দাখিলের প্রেক্ষিতে নিষ্পত্তিকৃত কর মামলার সংখ্যা | রিটার্ন দাখিল না করার প্রেক্ষিতে নিষ্পত্তিকৃত কর মামলার সংখ্যা |  |
| নোটিশ প্রেরণ করা হয়েছে এমন করদাতার সংখ্যা | নোটিশের প্রেক্ষিতে দাখিলকৃত রিটার্নের সংখ্যা | রিটার্ন দাখিলের প্রেক্ষিতে নিষ্পত্তিকৃত কর মামলার সংখ্যা                                                                                                                                        | রিটার্ন দাখিল না করার প্রেক্ষিতে নিষ্পত্তিকৃত কর মামলার সংখ্যা                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                  |                                                               |                                              |                                                          |                                                                |  |
| ২                                          | বকেয়া করের তথ্য হালনাগাদকরণ                 | বিতর্কিত ও অবিতর্কিত বকেয়া করের তথ্য সম্বলিত রেজিস্টার হালনাগাদ করার বিষয়ে বিশদ আলোচনা করা হয় এবং কীভাবে শতভাগ নথি পরিক্ষা করে রেজিস্টার হালনাগাদ করতে হবে সে সম্পর্কিত সিদ্ধান্ত গৃহীত হয়। | <p>২.১ প্রতিটি সার্কেলে বকেয়া রেজিস্টার হালনাগাদ করে বিতর্কিত ও অবিতর্কিত বকেয়ার তালিকা প্রস্তুত করতে হবে।</p> <p>২.২ আগামী ১৫/১২/২০২৫ তারিখের মধ্যে নথির র্যাক ধরে ধরে প্রতিটি নথি পুঙ্খানুপুঙ্খভাবে পরীক্ষা করতে হবে এবং রেজিস্টার হালনাগাদ করতে হবে। জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ০৫/১১/২০২৫ তারিখে ইস্যুকৃত বকেয়া করের তথ্য হালনাগাদ সম্পর্কিত রেজিস্টার অনুসরণপূর্বক বকেয়া করের রেজিস্টার হালনাগাদ করে কর কমিশনারের কার্যালয়কে অবহিত করতে হবে। এ বিষয়ে কোনো অসত্য তথ্য প্রদানের নেতিবাচক প্রভাব সম্পর্কে সকল সার্কেল কর্মকর্তাকে সতর্ক করা হয়।</p> <p>২.৩ অবিতর্কিত বকেয়া আদায়ের জন্য করদাতার সর্বশেষ আয়কর রিটার্নে প্রদর্শিত বর্তমান ঠিকানায় (প্রযোজ্য ক্ষেত্রে স্থায়ী ঠিকানায়) তাগাদাপত্র প্রেরণ করতে হবে এবং নিশ্চিত হতে হবে যে করদাতাকে অবিতর্কিত বকেয়ার বিষয়ে অবহিত করা হয়েছে। যেসব করদাতার বরাবর বারবার তাগাদাপত্র প্রেরণ করা সত্ত্বেও সাড়া পাওয়া যাচ্ছে না, তাদের ঠিকানা সম্পর্কে নিশ্চিত হতে হবে। প্রয়োজনে রিটার্নে উল্লেখিত বর্তমান ঠিকানার পাশাপাশি নথিতে থাকা ব্যাংক হিসাব বিবরণীসহ অন্যান্য দলিলাদিতে রিটার্নে প্রদর্শিত ঠিকানা ব্যতীত অন্য কোনো ঠিকানা পাওয়া গেলে সেই ঠিকানায় তাগাদাপত্র প্রেরণ করতে হবে। তাগাদাপত্র প্রেরণের ডাকরশিদ নম্বর আদেশপত্রের মার্জিনে এবং প্রেরিত তাগাদাপত্রের অফিস কপির উপরে সংযুক্ত আকারে সংরক্ষণ করতে হবে।</p> <p>২.৪ বকেয়া আদায়ের জন্য ডিউটি কার্ডে প্রদত্ত দায়িত্ব (কর পরিদর্শক ও স্টাফদের মধ্যে কে কোন করদাতার সাথে বকেয়া আদায়ের জন্য টেলিফোনে যোগাযোগ করবে- সে সম্পর্কিত অর্পিত দায়িত্ব) অনুযায়ী করদাতার সাথে যোগাযোগের মাধ্যমে বকেয়া কর আদায়ে সর্বাঙ্গিক প্রচেষ্টা গ্রহণ করতে হবে।</p> <p>২.৫ উপর্যুক্ত উদ্যোগ গ্রহণের পরও অবিতর্কিত বকেয়া আয়কর আদায় না হলে আয়কর আইন, ২০২৩ এর ২২১ ধারায় উল্লেখিত আইনানুগ কার্যক্রম গ্রহণ করে বকেয়া কর আদায় করতে হবে।</p> | পরিদর্শী রেঞ্জ কর্মকর্তার তত্তাবধায়নে সার্কেল কর্মকর্তাবৃন্দ |                                              |                                                          |                                                                |  |
| ৩।                                         | অগ্রিম করের জন্য তাগাদাপত্র প্রেরণ           | অগ্রিম কর আদায়ের লক্ষ্যে আয়কর আইন, ২০২৩ এর ১৫৫ ধারায় উল্লেখিত মোট ৪ (চার)টি কিস্তির মধ্যে ডিসেম্বর মাসের ১৫ তারিখে                                                                           | ৩.১ আয়কর আইন, ২০২৩ এর ১৫৪(১) ধারা অনুযায়ী যেসব করদাতার সর্বশেষ নিবৃপিত আয় ৬ লক্ষ টাকার অধিক, তাদের মধ্যে অগ্রাধিকার ভিত্তিতে পূর্ববর্তী করবর্ষে ১৫৪/১৭৩/১৭৪ ধারায় আয়কর পরিশোধ করেছেন তাদেরকে অন্তর্ভুক্তপূর্বক অগ্রিম করের তালিকা প্রণয়ন করতে হবে।                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                        | পরিদর্শী রেঞ্জ কর্মকর্তার                                     |                                              |                                                          |                                                                |  |





সভায় উপস্থিত সকল কর্মকর্তার সুস্বাস্থ্য কামনা করে এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ ১৬১২১২৮

মোঃ রওশন আখতার  
কর কমিশনার (চঃ দঃ)  
কর অঞ্চল-নারায়ণগঞ্জ

নথি নং-কঅ-নারা/প্রায়োগিক-১/আঃসাঃ/২০২৫-২৬/৪৪৮(২-২৮)

তারিখঃ ২৯শে কার্তিক, ১৪৩২ বঙ্গাব্দ  
১৬ই নভেম্বর, ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। প্রথম সচিব, ট্যাকসেস লিগ্যাল এন্ড এনফোর্সমেন্ট, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২। অতিরিক্ত/যুগ্ম কর কমিশনার, পরিদর্শী রেঞ্জ-১/২/৩/৪, কর অঞ্চল-নারায়ণগঞ্জ।
- ৩। সহকারী পোগ্রামার (কর অঞ্চলের ওয়েবসাইটে আপলোডের জন্য)।
- ৪। অত্র কর অঞ্চলের সকল সার্কেল অফিস।
- ৫। অফিস কপি।

১৬.১১.২৫

মোঃ রিপন আলী  
এ সি টি (লজিস্টিকস এন্ড মেইনটেনেন্স)  
কর অঞ্চল-নারায়ণগঞ্জ